গ্রেড এ ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

দৈনিক
আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

হাই এশ (ছাই) ফ্রি
রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১০৪৭৯৮

বুধবার | ১৫ ফেব্রুয়ারি ২০২৩ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৩তম বর্ষ ১৬২ সংখ্যা | ২ ফাল্গুন ১৪২৯ সাল | ২৩ রজব ১৪৪৪ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বসন্ত উৎসব উদ্বোধন করছেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা

প্রিমিয়ার ইউনিভার্সিটি : প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোডস্থ ক্যাম্পাসে সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগের উদ্যোগে বসন্ত উৎসবের আয়োজন করা হয়েছে। গতকাল সকাল ১০টায় বসন্ত উৎসব উদ্বোধন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা। এসময় উপস্থিত ছিলেন কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, পরীক্ষা নিয়ন্ত্রক শেখ মুহাম্মদ ইব্রাহিম, সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগের কো-অর্ডিনেটর ড. সাদিকা সুলতানা চৌধুরী, প্রভাষক তানিয়াহ মাহমুদা তিন্নি ও অর্পা পাল। এছাড়া আরও উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য ও ঘাসফুল চেয়ারম্যান ড. মঞ্জুর-উল-আমিন চৌধুরী। উদ্বোধনী বক্তব্যে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা সকলকে বসন্তের শুভেচ্ছা জানিয়ে বলেন, ফাল্গুন আমাদের গৌরবের ভাষার মাস। প্রাচীনকাল থেকেই বাংলা অঞ্চলে বসন্ত উৎসব পালন করার রীতি রয়েছে। ১৯০৭ সালে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর শান্তিনিকেতনে নাচ ও গানের মধ্য দিয়ে বসন্ত উৎসব পালন করা শুরু করেন। বঙ্গাব্দ ১৪০১ থেকে বাংলাদেশে বসন্ত উৎসব উদযাপন করা হচ্ছে। বসন্ত উৎসবে প্রদর্শিত হয় পিঠা, গহনা ও বৃক্ষচারা। পিঠার মধ্যে ছিল নকশি পিঠা, সাঁজ পিঠা, পাকন পিঠা, চায়না গ্রাম পুডিং, আতিক্কা পিঠা, কলা পিঠা, বড়া, মধুভাত, দুধপুলি, ঝিনুক পিঠা, ঝাল ফুল পিঠা, ছাচ পিঠা, ফুলকপির পাকোড়া ও দধচিতই।

Ref: Daily Azadi, Date: 15 February 2023, Page: 3, Col: 1
https://edainikazadi.net/index.php?page=1&date=2023-02-15

গ্রেড A ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

চট্টগ্রাম বুধবার ১৫ ফেব্রুয়ারি ২০২৩
দৈনিক পূর্বকোণ
মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত
রাউজান স্পেশাল
৩৮ আটত্রিশে পদার্পণ
রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৩৮তম বর্ষ ৬ষ্ঠ সংখ্যা । । ২ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ । । ২৩ রজব ১৪৪৪ হিজরি । । Wednesday 15 February 2023 । । ৪ পৃষ্ঠার বিশেষ সংখ্যা এবং নিয়মিত ৮ পৃষ্ঠাসহ ১২ পৃষ্ঠার মূল্য ৭ টাকা
www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বসন্ত উৎসবের উদ্বোধন করছেন উপ উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বসন্ত উৎসব উদ্‌যাপিত

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগের উদ্যোগে বসন্ত উৎসব-১৪২৯ আয়োজন করা হয়েছে।

গতকাল ১৪ ফেব্রুয়ারি সকাল ১০টায় বসন্ত উৎসবের উদ্বোধন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা। এসময় উপস্থিত ছিলেন কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, পরীক্ষা নিয়ন্ত্রক শেখ মুহাম্মদ ইব্রাহিম, সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগের কো-অর্ডিনেটর ড. সাদিকা সুলতানা চৌধুরী, প্রভাষক তানিয়াহ্ মাহমুদা তিন্নি ও অর্পা পাল। এছাড়া আরও উপস্থিত ছিলেন চবি সিনেট সদস্য ও ঘাসফুল চেয়ারম্যান ড. মঞ্জুর-উল-আমিন চৌধুরী।

উদ্বোধনী বক্তব্যে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা সকলকে বসন্তের শুভেচ্ছা জানিয়ে বলেন, ফাল্গুন আমাদের গৌরবের ভাষার মাস। প্রাচীনকাল থেকেই বাংলা অঞ্চলে বসন্ত উৎসব পালন করার রীতি রয়েছে।

বঙ্গাব্দ ১৪০১ থেকে বাংলাদেশে বসন্ত উৎসব উদযাপন করা হচ্ছে। কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, আমাদের আচার-আচরণ যেন প্রকৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ হয় এবং প্রকৃতিকে যেন আমরা সম্মান করি। বসন্তের ছোঁয়ায় আমরাও নতুন উদ্যমে যেন জেগে উঠি। বসন্ত উৎসবে পিঠা, গহনা ও বৃক্ষচারা প্রদর্শনী ছিল। খেল-াধুলা, গান ও নৃত্যের আয়োজনের পরে বসন্ত উৎসবের সমাপ্তি ঘটে।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 15 February 2023, Page: 4, Col: 2
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2023-02-15

বুধবার
চট্টগ্রাম
১৫ ফেব্রুয়ারি ২০২৩
২ ফাল্গুন ১৪২৯
২৩ রজব ১৪৪৪
বর্ষ-১১, সংখ্যা-৬৫

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএনটি ফোন নাম্বার
02-334455071-6
02-334451901-6
মোবাইল নাম্বার
01976-022111
01976-022333
info@phlctg.com /parkviewhospitalctg parkview.com.bd

www.dailypurbodesh.com
প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
৮ পৃষ্ঠা | ৭ টাকা

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে উৎসব উদ্বোধন করছেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা

প্রিমিয়ার ইউনিভার্সিটি

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগের উদ্যোগে বসন্ত উৎসব আয়োজন করা হয়েছে। গতকাল বসন্ত উৎসবের উদ্বোধন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা। এসময় উপস্থিত ছিলেন কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, পরীক্ষা নিয়ন্ত্রক শেখ মুহাম্মদ ইব্রাহিম, সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগের কো-অর্ডিনেটর ড. সাদিকা সুলতানা চৌধুরী, প্রভাষক তানিয়াহ মাহমুদা তিন্নি ও অর্পা পাল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য ও ঘাসফুল চেয়ারম্যান ড. মঞ্জুর-উল-আমিন চৌধুরী।

Ref: Daily Purbodesh, Date: 15 February 2023, Page: 3, Col: 6
https://epurbodesh.com/edition/441/১৫-ফেব্রুয়ারি-২০২৩/page/3

চট্টগ্রাম • বুধবার • ১৫ ফেব্রুয়ারি ২০২৩ • ২ ফাল্গুন ১৪২৯ • ২৩ রজব ১৪৪৪ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৯ সংখ্যা ১৮০

রূপান্তর নবযাত্রা

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

৩ মহাকাশে প্রথম নারী নভোচারী পাঠাচ্ছে সৌদি আরব

৫ উন্নত মানুষ গড়তে চাই সংস্কৃতিচর্চা : মেয়র

৬ আর্জেন্টিনার সঙ্গে চার বছরের চুক্তিতে যাচ্ছে বাংলাদেশ

'ভালোবাসতে শিখলেই বেদনার ছায়া সরে যায়'

মোহনীয় রূপের সৌন্দর্য আর নতুন নতুন সিনেমায় অভিনয়ঃ দিয়ে ক্রমেই আরো দুর্বার হয়ে উঠছেন জয়া আহসান।

বিস্তারিত ▶ পৃষ্ঠা ৬

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বসন্ত উৎসব উদ্বোধন করছেন অতিথিবৃন্দ

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বসন্ত উৎসব

'ফাগুন আমাদের গৌরবের'

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়ের ক্যাম্পাসে সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগের উদ্যোগে বসন্ত উৎসব আয়োজন করা হয়েছে।

১৪ ফেব্রুয়ারি সকাল ১০টায় বসন্ত উৎসবের উদ্বোধন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা। এসময় উপস্থিত ছিলেন কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, পরীক্ষা নিয়ন্ত্রক শেখ মুহাম্মদ ইব্রাহিম, সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগের কো-অর্ডিনেটর ড. সাদিকা সুলতানা চৌধুরী, প্রভাষক তানিয়াহ্ মাহমুদা তিন্নি ও অর্পা পাল। আরও উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য ও ঘাসফুল চেয়ারম্যান ড. মঞ্জুর-উল-আমিন চৌধুরী।

উদ্বোধনকালে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, ফাল্গুন আমাদের গৌরবের ভাষার মাস। প্রাচীনকাল থেকেই বাংলা অঞ্চলে বসন্ত উৎসব পালন করার রীতি রয়েছে। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর শান্তিনিকেতনে নাচ ও গানের মধ্য দিয়ে বসন্ত উৎসব পালন করা শুরু করেন। বঙ্গাব্দ ১৪০১ থেকে বাংলাদেশে বসন্ত উৎসব উদযাপন করা হচ্ছে। তিনি উল্লেখ করেন, প্রকৃতি হলো একাধারে উপশমকারী ও অনুপ্রেরণার উৎস। নিজেদের কষ্টগুলোকে এবং মনের কালো ও দীনতাকে আমরা যেন ফাগুনের রঙে রাঙিয়ে তুলে দূর করতে পারি। তিনি আরও বলেন, বসন্ত উদযাপনের আরেকটি ঐতিহ্যবাহী অনুষঙ্গ হলো পিঠাপুলি উৎসব। এর মাধ্যমে আমরা ঐতিহ্য সংরক্ষণ করতে পারি, একই সঙ্গে স্মরণ করতে পারি আমাদের পূর্বপুরুষের সংস্কৃতি।

ঐতিহ্য সংরক্ষণের পাশাপাশি প্রকৃতি সংরক্ষণেরও বিশেষ প্রয়োজন আছে। আসলে প্রকৃতি সংরক্ষণের মাধ্যমে আমরা জীবনের ভারসাম্য রক্ষা করতে পারি। আজকের উৎসব শিক্ষার্থীদের বৃক্ষ ও প্রকৃতির প্রতি ভালোবাসা ও দায়িত্ববোধ তৈরি করতে সহায়তা করবে এবং সংবেদনশীল হতে শেখাবে।

কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, আমাদের আচার-আচরণ যেন প্রকৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ হয় এবং প্রকৃতিকে যেন আমরা সম্মান করি। বসন্তের ছোঁয়ায় আমরাও নতুন উদ্যমে যেন জেগে উঠি। বসন্ত উৎসবে পিঠা, গহনা ও বৃক্ষচারা প্রদর্শনী ছিল। পিঠা প্রদর্শনীতে ছিল নকশি পিঠা, সাঁজ পিঠা, পাকন পিঠা, চায়না গ্রাম পুডিং, আতিক্কা পিঠা, কলা পিঠা, বড়া, মধুভাত, দুধপুলি, ঝিনুক পিঠা, ঝাল ফুল পিঠা, ছাচ পিঠা, ফুলকপির পাকোড়া ও দুধচিতই। চারা প্রদর্শনীতে ছিল বিভিন্ন ধরনের সাকুল্যান্ট। শেষে খেলাধুলা, গান ও নৃত্য পরিবেশিত হয়। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 15 February 2023, Page: 4, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2023-02-15